দৈনিক ইত্তেফাক

তারিখ ... ..JAN. 26 1999.. ...
পৃষ্ঠা ৩ কলাম ২......

# দিনাজপুরে কৃষি, ঠাকুরগাঁয় বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বাস্তবায়নের দাবী

ঠাকুরগাঁও সংবাদদাতা ॥ গত শনিবার ঠাকুরগাঁও প্রেসক্লাবে সর্বস্তরের মানুষের এক সভায় দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার এবং ঠাকুরগাঁয় বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবী জানানো হয়।

এতদুদ্দেশ্যে ইতিপূর্বে গঠিত বাস্তবায়ন পরিষদ আহূত সভায় বলা হয়, দিনাজপুর হাজী মোহাম্মদ

(১০ পৃঃ দ্রঃ)

## দিনাজপুরে কৃষি

(৩য় পৃঃ পর)

দানেশ কৃষি কলেজের অবকাঠামো বিবেচনা করিয়া বিশেষ মূলধন বিনিয়োগ না করিয়াই এই কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা সম্ভব।

অন্যদিকে ঠাকুরগাঁয় বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন অধিক যুক্তিসঙ্গত। কারণ, এখানে ৫০ একর পতিত জমি সহজেই পাওয়া সম্ভব। এই ব্যাপারে প্রধানমন্ত্রীসহ সংশ্লিষ্ট সকলকে স্মারকলিপি প্রদান করা হইয়াছে।